



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৭ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ/ ১৪ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.১৮-২৯১-The Representation of the People Order, 1972 (P.O.No. 155 of 1972)-এর Article 91A-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখের নং- ১০.০০.০০০০.১২৭.৯৯.০০৩.২০-১৩৯ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে একাদশ জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩, ১৮৩ ঢাকা-১০ ও ৯৮ বাগেরহাট-৪ আসনের নির্বাচন উপলক্ষে নির্বাচন-পূর্ব অনিয়ম প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে নিম্ন তফসিলের ১নং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার জন্য ৩নং কলামে বর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সমন্বয়ে “নির্বাচনি তদন্ত কমিটি (Electoral Enquiry Committee)” গঠন করলঃ

“তফসিল”

নির্বাচনি এলাকা নম্বর ও নাম	নির্বাচনি এলাকার বিস্তৃতি	বিচার বিভাগীয় কর্মকর্তাগণের নাম, পদবী ও বর্তমান কর্মস্থল
১	২	৩
৩১ গাইবান্ধা-৩	(ক) সাদুল্যাপুর উপজেলা এবং (খ) পলাশবাড়ী উপজেলা	জনাব মোঃ রেজাউল করিম যুগ্ম জেলা ও দায়রা জজ, গাইবান্ধা।  জনাব মোঃ নুরুল হক সহকারী জজ, গাইবান্ধা।
১৮৩ ঢাকা-১০	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়ার্ড-১৪, ১৫ ও ১৮  (ধানমন্ডি থানা) এবং ১৬, ১৭ ও ২২ ( হাজারীবাগ থানা)	জনাব উৎপল ভট্টাচার্য যুগ্ম জেলা ও দায়রা জজ, ঢাকা।  জনাব জহিরুল আলম সহকারী জজ, ঢাকা।
৯৮ বাগেরহাট-৪	(ক) শরনখোলা উপজেলা এবং (খ) মোড়েলগঞ্জ উপজেলা	জনাব মোঃ শাহিনুর রহমান যুগ্ম জেলা ও দায়রা জজ, বাগেরহাট।  জনাব লক্ষার সোহেল রানা সিনিয়র সহকারী জজ, বাগেরহাট।

০২। “নির্বাচনি তদন্ত কমিটি (Electoral Enquiry Committee)” এর কর্মকর্তাগণ বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

মোঃ শরীফ হোসেন হায়দার  
উপ-সচিব (আইন)  
ফোন: ০২-৫৫০০৭৫৩৬

প্রাপকঃ উপ-পরিচালক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস),  
তেজগাঁও, ঢাকা।

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করতঃ  
মুদ্রিত গেজেটের ১০০(একশত) কপি সরকারি কাজে ব্যবহারের নিমিত্ত  
নির্বাচন কমিশনে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.১৮-২৯১

তারিখঃ ২৭ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব/সচিব..... মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)

০২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা [আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল]

- ০৩। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
- ০৪। জেলা ও দায়রা জজ, .....(সংশ্লিষ্ট)
- ০৫। যুগ্ম-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৬। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষন ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
- ০৭। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল]
- ০৮। উপ মহাপুলিশ পরিদর্শক,.....(সংশ্লিষ্ট)
- ০৯। জেলা প্রশাসক, .....(সংশ্লিষ্ট)
- ১০। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, .....(সংশ্লিষ্ট)
- ১১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, .....(সংশ্লিষ্ট)
- ১২। পুলিশ কমিশনার, .....(সংশ্লিষ্ট)
- ১৩। পুলিশ সুপার, .....(সংশ্লিষ্ট)
- ১৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .....(সংশ্লিষ্ট)
- ১৫। রিটার্নিং অফিসার, .....(সংশ্লিষ্ট)
- ১৬। উপ সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১৭। যুগ্ম জেলা ও দায়রা জজ ও চেয়ারম্যান, নির্বাচনি তদন্ত কমিটি.....(সংশ্লিষ্ট)
- ১৮। সিনিয়র সহকারী জজ/সহকারী জজ ও সদস্য, নির্বাচনী তদন্ত কমিটি .....(সংশ্লিষ্ট)
- ১৯। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .....(সংশ্লিষ্ট) (নির্বাচনি তদন্ত কমিটিসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল)
- ২০। সহকারী রিটার্নিং অফিসার, .....(সংশ্লিষ্ট)
- ২১। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভি.ডি.পি, ....(সংশ্লিষ্ট)
- ২২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ....(সংশ্লিষ্ট)
- ২৩। সিনিয়র সহকারী সচিব (নির্বাচনী ব্যবস্থাপনা ও সমন্বয়-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২৪। সিনিয়র সহকারী সচিব (বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচনি তদন্ত কমিটি এর অনুকূলে প্রয়োজনীয় ব্যয় বরাদ্দের নিমিত্ত আর্থিক মঞ্জুরী প্রদানের জন্য অনুরোধ করা হল)
- ২৫। উপজেলা নির্বাহী অফিসার..... (সংশ্লিষ্ট)
- ২৬। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২৭। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
- ২৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা.....(সংশ্লিষ্ট)
- ৩০। উপজেলা নির্বাচন অফিসার..... (সংশ্লিষ্ট)
- ৩১। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

(বিপ্লব দেব নাথ)

সিনিয়র সহকারী সচিব (আইন-১)

ফোন: ০২-৫৫০০৭৫৪৩